

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

<http://www.dsheets.gov.bd>



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.২৩৫.১৯ /৩২৬৭/৭

তারিখ : ১০/০৮/২০১৯ খ্রি.

বিষয় : ৪র্থ শ্রেণির কর্মচারী এমপিওভুক্তকরণ।

সূত্র-উপপরিচালক, রংপুর, স্মারক নং-৩৭.০২.০০০০.০৮.০০৪.১৯.১৬০৯; তারিখ-১০/০৬/২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে দিনাজপুর জেলার চিরিরবন্দর উপজেলাধীন ইছামতি ডিপ্রি কলেজের ৪র্থ শ্রেণির কর্মচারী(পিয়ন, আয়া) নিয়োগের বিরুদ্ধে জনেক রিপন ইসলাম গং দিনাজপুর জেলার চিরিরবন্দর সিনিয়র সহকারী জজ আদালতে ২৭/০২/২০১৮ তারিখ মোকদ্দমা নং-২১/২০১৮ দায়ের করেন। পরবর্তীতে বাদীগণ মামলাটি প্রত্যাহারের জন্য আবেদন করলে মাননীয় আদালত উভয় পক্ষের শুনানী শেষে গত ৩০/০১/২০১৯ তারিখ মামলাটি প্রত্যাহারের আদেশ দান করেন। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর সূত্রোক্ত স্মারকে বর্ণিত মোকদ্দমা নং-২১/২০১৮ এর রায় মোতাবেক ৪র্থ শ্রেণির কর্মচারী মোঃ ইলিয়াস হোসেন, মোঃ গওহর আজম ও মোসা: হালিমা বেগম এর এমপিওভুক্তির বিষয়ে আইনগত মতামত দানের জন্য অনুরোধ করেছেন।

আইন শাখার মতামত “দিনাজপুর জেলার চিরিরবন্দর উপজেলাধীন ইছামতি ডিপ্রি কলেজের ৩(তিনি) জন ৪র্থ শ্রেণির কর্মচারী নিয়োগের বিরুদ্ধে জনেক রিপন ইসলাম গং বাদী হয়ে সিনিয়র সহকারী জজ আদালতে অন্য প্রকার মামলা নং-২১/২০১৮ দায়ের করেন। উক্ত মামলা প্রত্যাহারের আবেদন মাননীয় আদালতে দাখিল করা হলে আদালত তা আমলে নিয়ে বিগত ৩০/০১/২০১৯ তারিখ প্রত্যাহারের আবেদন দান করেন। বর্তমানে কলেজের পক্ষ হতে ৪র্থ শ্রেণির কর্মচারী মোঃ ইলিয়াস হোসেন, মোঃ গওহর আজম ও মোসা: হালিমা বেগম এর এমপিওভুক্তির জন্য আবেদন করেন। এ অবস্থার প্রেক্ষিতে আইন শাখার মতামত হলো- বর্ণিত মামলাটি প্রত্যাহার হওয়ায় মামলার কারণে ৪র্থ শ্রেণির কর্মচারীদের এমপিওভুক্তিতে কোন বাঁধা নাই। জনবল কাঠামোর বিধি-বিধান অনুসরণে তাদের এমপিওভুক্তির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যায়।”

এমতাবস্থায়, মোকদ্দমার আদেশ ও আদেশ সম্পর্কে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আইন শাখার মতামত অনুযায়ী এমপিওভুক্তির পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৮.০৮.২৯

(ফারহানা আকতা)
সহকারী পরিচালক(কলেজ-৩)
ফোন-৯৫৫৬০৫৭
Email-ncCollege@dsheets.gov.bd

উপপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রংপুর অঞ্চল, রংপুর

অনুলিপি- সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, ইছামতি ডিপ্রি কলেজ, চিরিরবন্দর, দিনাজপুর
- ২। জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর
- ৩। অধ্যক্ষ, ইছামতি ডিপ্রি কলেজ, চিরিরবন্দর, দিনাজপুর
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চিরিরবন্দর, দিনাজপুর
- ৫। অফিস সংরক্ষণ নথি।